# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৮৭

১/ বিবিধ

আরবী

إنها تكون بعدي رواة يروون عني الحديث، فاعرضوا حديثهم على القرآن، فما وافق القرآن فخذوا به، وما لم يوافق القرآن فلا تأخذوا به
ضعيف

أخرجه الدارقطني (513) والهروي في " ذم الكلام " (78/2) عن أبي بكر بن عياش عن عاصم عن زر بن حبيش عن علي بن أبي طالب مرفوعا، وأعله الدارقطني فقال: هذا وهم، والصواب عن عاصم عن زيد، عن علي بن الحسين مرسلا عن النبي صلى الله عليه وسلم
قلت: وأبو بكر بن عياش وإن كان من رجال البخاري ففي حفظه ضعف، ولهذا قال الحافظ في " التقريب
ثقة عابد، إلا أنه لما كبر ساء حفظه، وكتابه صحيح

বাংলা

১০৮৭। আমার পরে কতিপয় বর্ণনাকারী হবে যারা আমার উদ্ধৃতিতে হাদীস বর্ণনা করবে। তোমরা তাদের হাদীসগুলোকে কুরআনের উপর পেশ করো (মিলাবে), যা কুরআনের সাথে মিলবে তোমরা তা গ্রহণ করবে আর যা কুরআনের সাথে মিলবে না তা গ্রহণ করবে না।

হাদীসটি দুর্বল।

এটি দারাকুতনী (৫১৩) ও হারাবী "যাম্মুল কালাম" গ্রন্থে (২/৭৮) আবু বাকর ইবনু আইয়াশ হতে, তিনি আসেম হতে, তিনি যির ইবনু হুবায়েশ হতে, তিনি আলী ইবনু আবী তালেব হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

দারাকুতনী তার সমস্যা বর্ণনা করে বলেছেনঃ এটি সন্দেহযুক্ত কথা। সঠিক হচ্ছে আসেম হতে, তিনি যায়েদ হতে, তিনি আলী ইবনুল হুসাইন হতে মুরসাল হিসেবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ আবু বকর ইবনু আইয়াশ যদিও ইমাম বুখারীর বর্ণনাকারী তবুও তার হেফযে দুর্বলতা রয়েছে। এ কারণে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি নির্ভরযোগ্য আবেদ। কিন্তু যখন তার বয়স বেশী হয়ে গিয়েছিল তখন তার হেফযে ত্রুটি দেখা দিয়েছিল। তবে তার কিতাব সহীহ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71966

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন